

শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.doe.gov.bd



নং-২২.০২.০০০০.০১২.২৩.০০২.২০২১-১৬

তারিখঃ ১৫/১১/১৪২৭
১৬/০২/২০২১


জাতীয় পরিবেশ পদক-২০২১

পরিবেশ উন্নয়নে অসামান্য অবদানের স্বীকৃতি প্রদানের লক্ষ্যে যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠান থেকে জাতীয় পরিবেশ পদক ২০২১-এর আবেদন আহ্বান করা যাচ্ছে। নিম্নোক্ত ক্যাটাগরিসমূহে ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে ০৩টি করে মোট ৬ (ছয়) টি জাতীয় পরিবেশ পদক প্রদান করা হয়ে থাকে।

পর্যায়	পদকের শ্রেণী	পুরস্কার	সংখ্যা
(ক) ব্যক্তিগত	(১) পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ	জাতীয় পরিবেশ পদকপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে ২২ (বাইশ) ক্যারেট মানের ২ (দুই) তোলা ওজনের স্বর্ণের বাজার মূল্য ও আরো ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার চেক, ফ্রেস্ট এবং সনদপত্র প্রদান করা হবে।	প্রতি ক্ষেত্রে ১ (এক) টি
	(২) পরিবেশ বিষয়ক শিক্ষা ও প্রচার		
	(৩) পরিবেশ বিষয়ক গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবন		
(খ) প্রাতিষ্ঠানিক	(১) পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ	জাতীয় পরিবেশ পদকপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে ২২ (বাইশ) ক্যারেট মানের ২ (দুই) তোলা ওজনের স্বর্ণের বাজার মূল্য ও আরো ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার চেক, ফ্রেস্ট এবং সনদপত্র প্রদান করা হবে।	প্রতি ক্ষেত্রে ১ (এক) টি
	(২) পরিবেশ বিষয়ক শিক্ষা ও প্রচার		
	(৩) পরিবেশ বিষয়ক গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবন		

৫ জুন বিশ্ব পরিবেশ দিবস ২০২১ উদযাপন উপলক্ষে অনুষ্ঠেয় উদ্বোধনী অনুষ্ঠান অথবা সরকার কর্তৃক নির্ধারিত যে কোনো সুবিধাজনক সময়ে আনুষ্ঠানিকভাবে এ পদক প্রদান করা হবে। আবেদনের নির্ধারিত ফরম পরিবেশ অধিদপ্তরের যে কোন অফিস বা অধিদপ্তরের ওয়েবসাইট www.doe.gov.bd থেকে সংগ্রহ করা যাবে।

যেকোনো ব্যক্তি/প্রতিষ্ঠান পদকের জন্য নিজ/উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে নির্ধারিত আবেদন ফরমে ১৮ মার্চ ২০২১ তারিখের মধ্যে পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলা/বিভাগ/মহানগর কার্যালয়ে আবেদনপত্র প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো।


১৬/০২/২০২১

(ড. এ. কে. এম. রফিক আহাম্মদ)
মহাপরিচালক
ফোনঃ ৮১৮১৮০০
ইমেইল : dg@doe.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
খুলনা বিভাগীয় কার্যালয়
পরিবেশ ভবন, খুলনা।
www.doe.khulnadiv.gov.bd

স্মারক নং-২২.০২.৪০০০.২৬৭.৬১.০০৩.২০২১-২৬৬

তারিখ-----
১৯ ফাল্গুন ১৪২৭
০৪ মার্চ ২০২১

বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ, পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নে অসামান্য অবদানের স্বীকৃতি প্রদানের লক্ষ্যে যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠান থেকে জাতীয় পরিবেশ পদক-২০২১ এর আবেদন আহ্বান করা হচ্ছে। নিম্নোক্ত ক্যাটাগরিসমূহে ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে ০৩টি করে মোট ০৬ (ছয়)টি জাতীয় পরিবেশ পদক প্রদান করা হবে। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট আগামী ১৮ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।


আবেদনের ক্যাটাগরী:

পর্যায়	পদকের শ্রেণি
(ক) ব্যক্তিগত	(১) পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ
	(২) পরিবেশ বিষয়ক শিক্ষা ও প্রচার
	(৩) পরিবেশ বিষয়ক গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবন
(খ) প্রাতিষ্ঠানিক	(১) পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ
	(২) পরিবেশ বিষয়ক শিক্ষা ও প্রচার
	(৩) পরিবেশ বিষয়ক গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবন

৩। নীতিমালা (সকল ক্যাটাগরির জন্য প্রযোজ্য):

- বাংলাদেশের পরিবেশ উন্নয়নে অসামান্য এবং অনুসরণীয় অবদান রেখেছেন এমন যে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান পদকের জন্য বিবেচিত হবে।
- কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান নিজে অথবা তার পক্ষে অন্য কেউ পদকের জন্য পরিবেশ অধিদপ্তর অথবা সংশ্লিষ্ট কমিটির নিকট মনোনয়ন প্রেরণ করতে পারবে।
- প্রত্যেক আবেদনপত্রে মনোনয়ন দাখিলকারীর স্বাক্ষর ও পূর্ণ ঠিকানা থাকতে হবে এবং প্রস্তাবিত প্রার্থীর পরিচিতি, ঠিকানা এবং পরিবেশ বিষয়ক কর্মকাণ্ডের বিস্তারিত বিবরণ ও এতদসংক্রান্ত প্রামাণ্য কাগজপত্র/ভিডিও চিত্র (যদি থাকে) সংযুক্ত করতে হবে।
- ৫ জুন বিশ্ব পরিবেশ দিবসের অনুষ্ঠানে বা সরকার কর্তৃক নির্ধারিত যে কোনো সুবিধাজনক সময়ে আনুষ্ঠানিকভাবে জাতীয় পরিবেশ পদক প্রদান করা হবে।
- কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান নিজে/তার পক্ষে কেউ পরিবেশ আইন লংঘন, পরিবেশ বিরোধী অথবা অনৈতিক কর্মে জড়িত থাকলে তার আবেদন বিবেচিত হবে না।
- আগামী ১৮ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত পরিবেশ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়, বয়রা, খুলনায় আবেদনপত্র জমা প্রদান করা যাবে।

বিঃ দ্রঃ বিস্তারিত তথ্য www.doe.gov.bd এবং www.doe.khulnadiv.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।


(সাইফুর রহমান খান)
পরিচালক
ফোন: ০৪১-২৮৫০১২১